[২.৩] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ

# জনগণের অধিকার নিশ্চিত করেছে তথ্য অধিকার আইন

পুলিশ নিউজ ডেস্ক

-মার্চ ২১, ২০২৪

জনগণের অধিকার নিশ্চিতে সরকার সব সময়ই সচেষ্ট। তারই ধারাবাহিকতায় প্রণীত হয়েছিল তথ্য অধিকার আইন, ২০০৯। এই আইন জনগণের তথ্যপ্রাপ্তির অধিকার নিশ্চিত করেছে।

তথ্য অধিকার আইন, ২০০৯ একটি জনবান্ধব আইন। ২০০৮ সালের জাতীয় নির্বাচনের পর ২০০৯ সালের ২৯ মার্চ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে তথ্য অধিকার আইন পাস হয়। তখন থেকে বাংলাদেশের জনগণের ক্ষমতায়নের জন্য তাদের তথ্য অধিকার প্রতিষ্ঠার আইনটি স্বীকৃতি পায়। আইনটির অনন্য বৈশিষ্ট্য হলো, দেশের প্রচলিত অন্য সব আইনে কর্তৃপক্ষ জনগণের ওপর ক্ষমতা প্রয়োগ করে থাকে, কিন্তু এই আইনে জনগণ কর্তৃপক্ষের ওপর ক্ষমতা আরোপ করে। এটি একটি শক্তিশালী নাগরিকবান্ধব ও সর্বজনীন আইন। শ্রেণিগত ভেদাভেদ-নির্বিশেষে সর্বস্তরের নাগরিককে রাষ্ট্রের তথ্য পাওয়ার অধিকার দেয়।

সরকারি, স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি বা বিদেশি অর্থায়নে পরিচালিত বিভিন্ন বেসরকারি সংস্থার কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহি প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন নিশ্চিত করাই এই আইনের মূল লক্ষ্য। আইনটির যথাযথ প্রয়োগের ফলে সরকার ও জনগণের মাঝে সেতুবন্ধ তৈরি হয়েছে। সরকারি প্রতিষ্ঠান এবং স্বায়ত্তশাসিত বিভিন্ন সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হচ্ছে, যা দুর্নীতি কমাতে সহায়ক ভূমিকা পালন করছে।

তথ্য অধিকার আইনের ৮ ধারা অনুযায়ী, কোনো ব্যক্তি এই আইনের অধীনে তথ্যপ্রাপ্তির জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে তথ্য চেয়ে লিখিতভাবে বা ই-মেইল করতে পারেন।

বিশ্বব্যাপী টেকসই উন্নয়নের সব পদক্ষেপে অবাধ তথ্যপ্রবাহ ও তথ্যের অভিগম্যতার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। জাতিসংঘের টেকসই উন্নয়ন অভীষ্ট হলো অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ও সমাজের সর্বক্ষেত্রে অসমতা দূরীকরণ। বৃদ্ধ, অসহায় ও হতদরিদ্র জনগোষ্ঠীর ক্ষুধা ও দারিদ্র্য নির্মূল করে তাদের সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক মুক্তি নিশ্চিত করা। বাংলাদেশে তথ্য অধিকার আইন প্রণয়ন করে জাতিসংঘের সর্বজনীন মানবাধিকার ঘোষণাপত্র এবং নাগরিক ও রাজনৈতিক অধিকারের আন্তর্জাতিক চুক্তি অনুযায়ী জনসাধারণের তথ্যপ্রাপ্তির অধিকার নিশ্চিত করেছে সরকার। এর মাধ্যমে মৌলিক স্বাধীনতাও সুরক্ষিত হয়েছে।

## বাংলাদেশ পুলিশের বিভিন্ন ইউনিটের তথ্য প্রদান সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ
## ডিআইজি (হেডকোয়ার্টার্স), ঢাকা মহোদয়ের সভাপতিত্বে
## ২১/০৩/২০২৪ তারিখ বৃহস্পতিবার প্রশিক্ষণ কোর্স পরিচালনা ও সহায়তাকারীদের স্বাক্ষর :

| ক্রমিক নং | নাম, পদবী ও বিপি নম্বর | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব ইনামুল হক সাগর পিপিএম<br>বিপি-৮২১০১২৬৮৫৭,<br>পুলিশ সুপার (মিডিয়া অ্যান্ড পিআর)<br>কোর্স পরিচালক<br>পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা | ০১৩২০০০২৮২ | |
| ২. | জনাব এ. কে. এম. কামরুল আহছান<br>জনসংযোগ কর্মকর্তা<br>পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা | ০১৩২০-০০২০৬৬ | |
| ৩. | জনাব আবির সিদ্দিকী শুভ্র<br>বিপি-৮৫১৪১৬৬২৪৪,<br>অতিরিক্ত পুলিশ সুপার (মিডিয়া অ্যান্ড পিআর)<br>কোর্স সমন্বয়ক<br>পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা | ০১৩২০-০০২০৭৬ | |
| ৪. | জনাব মুহাম্মদ তাজঈদুল ইসলাম চৌধুরী<br>বিপি-৭৭৯৯০১০৭৩৬<br>পুলিশ পরিদর্শক<br>সাপোর্ট সহায়ক কর্মচারী<br>মিডিয়া অ্যান্ড পিআর শাখা, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা | ০১৩২০-০০২০৮২ | |
| ৫. | প্রভাস বৈদ্য<br>সিআইডি-৭৯০৭১৮৭০৩০<br>উচ্চমান সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>সাপোর্ট সহায়ক কর্মচারী<br>মিডিয়া অ্যান্ড পিআর শাখা, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা | ০১৭৮৬-৫০০৮১১ | |
| ৬. | এএসআই (নিঃ)/ইয়াছিন পাটওয়ারী<br>বিপি-৮১০১০১৫৯১৭<br>সাপোর্ট সহায়ক কর্মচারী<br>মিডিয়া অ্যান্ড পিআর শাখা, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা | ০১৬৭২-৪২২৫৬৬ | |

সূচক[২.৪]

৭৮০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
মিডিয়া অ্যান্ড পিআর শাখা
www.police.gov.bd

স্মারক নং-মিডিয়া/৪৪.০১.০০০০.০৪৫.০২.০০৯.২১- ৩৩৪(১২৩)

তারিখ : ০৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
১৯ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয় : তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী বাংলাদেশ পুলিশের বিভিন্ন ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে অনলাইন প্লাটফর্মে প্রশিক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী বাংলাদেশ পুলিশের বিভিন্ন ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সংক্রান্তে অনলাইন প্লাটফর্মে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ ডিআইজি (হেডকোয়ার্টার্স), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে এনসিকম ভবনের ব্লু হল (লেভেল-৯, পূর্ব পার্শ্বে) কনফারেন্স রুম থেকে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

| | |
|---|---|
| তারিখ | : ২১ মার্চ ২০২৪ খ্রি. |
| সময় | : ১০.৩০-১২.৩০ |
| স্থান | : স্ব স্ব অফিস কক্ষ |
| সদস্য সংখ্যা | : ১৪৬ জন |
| ড্রেস কোড | : ওয়ার্কিং ড্রেস |

এমতাবস্থায়, বাংলাদেশ পুলিশের বিভিন্ন ইউনিটের তথ্য প্রদান সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের আগামী ২১/০৩/২০২৪ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় স্ব স্ব অফিস কক্ষে অনলাইন প্লাটফর্মের মাধ্যমে যথাসময়ে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Meeting ID : 94612312896
Passcode : ict2024

১৯.০৩.২০২৪

(ইনামুল হক সাগর, পিপিএম)
বিপি-৮২১০১২৬৮৫৭
পুলিশ সুপার
ফোন : ২২৩৩৫৮০৭৫

বিতরণ ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, র‍্যাব, র‍্যাব ফোর্সেস হেডকোয়ার্টার্স, কুর্মিটোলা, ঢাকা।
২. অ্যাডিশনাল আইজিপি, পিবিআই, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৩. অ্যাডিশনাল আইজিপি, হাইওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৪. অ্যাডিশনাল আইজিপি, পুলিশ টেলিকম সংস্থা, বাংলাদেশ পুলিশ, রাজারবাগ, ঢাকা।
৫. অ্যাডিশনাল আইজিপি, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৬. অ্যাডিশনাল আইজিপি, নৌ পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৭. প্রিন্সিপ্যাল, বিপিএ, সারদা, রাজশাহী।
৮. অ্যাডিশনাল আইজিপি, এপিবিএন, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৯. পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
১০. ডিআইজি, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ রেঞ্জ, বাংলাদেশ পুলিশ
১১. পুলিশ কমিশনার, সিএমপি/কেএমপি/আরএমপি/এসএমপি/বিএমপি/আরপিএমপি/জিএমপি।
১২. ডিআইজি, এসপিবিএন, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
১৩. কমান্ড্যান্ট, পিটিসি, টাংগাইল/নোয়াখালী/রংপুর/খুলনা/টিডিএস, মিলব্যারাক, ঢাকা।
১৪. কমান্ড্যান্ট, পিএসটিএস বেতবুনিয়া, রাঙ্গামাটি/এএসটিএস, খাগড়াছড়ি।
১৫. অ্যাডিশনাল ডিআইজি, হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
১৬. পুলিশ সুপার, ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, মানিকগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, মুন্সীগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী, বরগুনা, রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর, শেরপুর জেলা।
১৭. পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, গাজীপুর রিজিয়ন, ময়মনসিংহ রিজিয়ন, কুমিল্লা রিজিয়ন, সিলেট রিজিয়ন, বগুড়া রিজিয়ন, রংপুর রিজিয়ন, মাদারীপুর রিজিয়ন, খুলনা রিজিয়ন।
১৮. পুলিশ সুপার, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, গাজীপুর/মাদারীপুর/টাঙ্গাইল/কক্সবাজার/কুমিল্লা/নোয়াখালী/বান্দরবান/সাতক্ষীরা/ঝিনাইদহ/কুষ্টিয়া/রাজশাহী/নওগাঁ/সিরাজগঞ্জ/বগুড়া/সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
১৯. ইনচার্জ, অপারেশন কন্ট্রোল রুম, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (পত্রটি পাওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট ইউনিটে ফ্যাক্স এবং ই-মেইলে প্রেরণের বিষয়টি নিশ্চিত করে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল)।